

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং- ৪৬.০০.৮৮০০.০১৭.৯৯.০০২.১৭- ৫৫


তারিখ : ০৫ মাঘ, ১৪২৪
১৮ জানুয়ারি ২০১৮

বিষয় : সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার চান্দাইকোনা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য
ভূমি এওয়াজ বদল করার অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কার্যালয়ের স্মারক নং-৭৩৭, তারিখ : ১৬/১১/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রেরিত তথ্যাদির সাথে (খ) ক্রমিকে চাহিত বর্তমানে এওয়াজের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচম্যাপ (ট্রেসিং পেপারে রঞ্জিন কালিদ্বারা), (গ) ক্রমিকে চাহিদ উপজেলা নির্বাহী অফিসার বর্তমান ইউপির বিদ্যমানস্থল এবং এওয়াজের জন্য প্রস্তাবিত জমি সরেজমিন পরিদর্শনপূর্বক এওয়াজের জন্য প্রস্তাবিত জমি স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে পূরণ করে কিনা তা উল্লেখসহ সার্বিক বিষয় পরীক্ষান্তে সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন এবং (চ) ক্রমিকে চাহিত প্রস্তাবিত জমি এওয়াজ বদলের ক্ষেত্রে প্রস্তাবিত জমিতে ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রেরণ করেননি।

০২। এমতাবস্থায়, সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার চান্দাইকোনা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ভূমি এওয়াজ বদল বিষয়ে স্থানীয় সরকার বিভাগের গত ১০ জুলাই, ২০১৭ তারিখের ৫৪৪ নম্বর স্মারকে (খ), (গ) এবং (চ) ক্রমিকে চাহিত উল্লিখিত তথ্যাদি প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপ সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।